**বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ**
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
নব নিয়োগ শাখা, প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৩.২১(১৪তম নথি)-৭১৮২ তারিখ: ২৬/০২/২০২৩

## অফিস আদেশ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল (বেবিচ) কর্তৃপক্ষের ৩নং স্থায়ী নিয়োগ ও পদোন্নতি কমিটির সুপারিশের আলোকে এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্ত প্রার্থীদেরকে ছকে বর্ণিত পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) এর ১১৩০০/- টাকার প্রারম্ভিক বেতন ও প্রাপ্য ভাতাদিসহ শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হইল:

পদের নাম: সহকারী নিরাপত্তা কর্মকর্তা

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নম্বর | নাম ও পিতার নাম |
|---|---|---|---|
| ১. | ১ | ১২৮০৮৮১১ | জনাব মোঃ কামরুল হাসান<br>পিতা-মোঃ সিরাজ উদ্দিন |
| ২. | ২ | ১২৮০৯৫২০ | জনাব মোঃ আলাউদ্দিন<br>পিতা-মোঃ আবুল হোসেন |
| ৩. | ৩ | ১২৮০৪৫৮৫ | জনাব মোঃ আলমগীর কবীর শাহ্ চৌধুরী<br>পিতা-মোঃ সেকেন্দার শাহ্ চৌধুরী |
| ৪. | ৪ | ১২৮০১৬১১ | জনাব মোঃ মাসুদ রানা<br>পিতা-মোঃ আব্দুল লতিফ মন্ডল |
| ৫. | ৫ | ১২৮০৯০১৯ | জনাব মোঃ আসফ উদ দৌলা<br>পিতা-মোঃ খোরশেদ আলম |
| ৬. | ৬ | ১২৮০১২৫০ | জনাব মোহাম্মদ আবু মুসা<br>পিতা-মোহাম্মদ সাখাওয়াত হোসেন |
| ৭. | ৭ | ১২৮০৯২৯০ | জনাব তরিকুল ইসলাম<br>পিতা-দেলোয়ার হোসেন |
| ৮. | ৮ | ১২৮০৯০৬৭ | জনাব মোঃ আনিসুর রহমান<br>পিতা-মোঃ আব্দুস ছাত্তার |
| ৯. | ৯ | ১২৮০৮৩১১ | জনাব মোঃ আরিফুজ্জামান<br>পিতা-মোঃ সামসুজ্জামান |
| ১০. | ১০ | ১২৮১০২৬০ | জনাব রুবেল<br>পিতা-আব্দুল ওয়াহাব |
| ১১. | ১১ | ১২৮০৪৭৫৯ | জনাব মোঃ আব্দুল্লাহ আল হাকাম<br>পিতা-মোঃ ময়েনুর রহমান |
| ১২. | ১২ | ১২৮০৮৪৭৭ | জনাব মোঃ সেলিম রেজা<br>পিতা-মোঃ আইজুদ্দিন বেপারী |
| ১৩. | ১৩ | ১২৮০৫০৮৩ | জনাব মোঃ মাজমুল ইসলাম<br>পিতা-মোঃ নুরুজ্জামান |
| ১৪. | ১৪ | ১২৮০৪৩৬৯ | জনাব মাহবুব শরীফ<br>পিতা-শফিকুল ইসলাম |
| ১৫. | ১৫ | ১২৮০৪৩০৪ | জনাব জান্নাতুল নাঈম মিলি<br>পিতা-মোদাসসের হোসেন |
| ১৬. | ১৬ | ১২৮০৫৯২২ | জনাব মোঃ আসিফুর রহমান<br>পিতা-মোঃ জাহাঙ্গীর আলম |
| ১৭. | ১৭ | ১২৮০৬৪৩১ | জনাব জহিরুল ইসলাম তালুকদার<br>পিতা-করম আলী তালুকদার |
| ১৮. | ১৮ | ১২৮০৬৮১৫ | জনাব মোঃ আব্দুর রহিম প্রামানিক<br>পিতা-মোঃ আব্দুল জোব্বার |
| ১৯. | ২০ | ১২৮০২১০৫ | জনাব মোঃ মনসুর রহমান<br>পিতা-মোঃ মকবুল হোসেন |

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নম্বর | নাম ও পিতার নাম |
|---|---|---|---|
| ২০. | ২১ | ১২৮০০৭২২ | জনাব মোঃ নাঈম মিয়া<br>পিতা-মোঃ আজাহার মিয়া |
| ২১. | ২২ | ১২৮০৪৫৮৬ | জনাব মোঃ রিয়াদুর কাদির<br>পিতা-মোঃ মনজুর কাদির |
| ২২. | ২৩ | ১২৮০১২৬০ | জনাব মোঃ আসাদুজ্জামান প্রধান<br>পিতা-মোঃ দেলওয়ার হোসেন প্রধান |
| ২৩. | ২৪ | ১২৮০৫২৩৯ | জনাব মোঃ সুজন হোসেন<br>পিতা-মোঃ কিবরিয়া হোসেন |

পদের নাম: রেডিও টেকনিশিয়ান

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নম্বর | নাম ও পিতার নাম |
|---|---|---|---|
| ১. | ১ | ১৪০০০১৭৫ | জনাব মোহাম্মদ সাইদুর রহমান<br>পিতা-আব্দুল সোবান |
| ২. | ২ | ১৪০০০৪১৮ | জনাব মোঃ ইমরান হোসেন<br>পিতা-মোঃ লিয়াকত হোসেন |

পদের নাম: হিসাব রক্ষক

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নম্বর | নাম ও পিতার নাম |
|---|---|---|---|
| ১. | ১ | ৩০৬০০৯২১ | জনাব মোঃ জুবায়ের হোসেন<br>পিতা-মোঃ আবুল কালাম আজাদ |
| ২. | ২ | ৩০৬০০৫৯৪ | জনাব মোঃ রকিবুল ইসলাম<br>পিতা-মোঃ হেমায়েত হোসেন |
| ৩. | ৩ | ৩০৬০১৩৫৬ | জনাব মোঃ হাসান আলী<br>পিতা-মোঃ রায়হান উদ্দীন |
| ৪. | ৪ | ৩০৬০০২৯৪ | জনাব মোঃ আব্দুল খালেক মিয়া<br>পিতা-মোঃ আনিছ মিয়া |
| ৫. | ৫ | ৩০৬০১৩৭৪ | জনাব রাজিব প্রামানিক<br>পিতা-নজর প্রামানিক |
| ৬. | ৬ | ৩০৬০০৯৪৫ | জনাব সালমা আক্তার জুঁই<br>পিতা-খন্দকার হাবিবুর রহমান |
| ৭. | ৭ | ৩০৬০১১৯৫ | জনাব মোঃ পলাশ আলী<br>পিতা-মোঃ মিরাজ উদ্দিন |

পদের নাম: ফায়ার সুপারভাইজার

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নম্বর | নাম ও পিতার নাম |
|---|---|---|---|
| ১. | ১ | ৩০৭০০৪৬৬ | জনাব মোঃ আব্দুল্লাহ আল-মামুন<br>পিতা-আমির আলী |
| ২. | ২ | ৩০৭০০০৭৮ | জনাব মোঃ মাহিদুল ইসলাম<br>পিতা-মোঃ আজিজার রহমান |
| ৩. | ৪ | ৩০৭০০৪৯৭ | জনাব হাসান ইসলাম<br>পিতা-শুকুরুল ইসলাম |
| ৪. | ৫ | ৩০৭০০৫৫৬ | জনাব মোহাম্মদ আরিফ মন্ডল<br>পিতা-মোঃ ওমর আলী মন্ডল |
| ৫. | ৬ | ৩০৭০০০৪৮ | জনাব মোঃ আতিকুর রহমান<br>পিতা-মোঃ আব্দুল আজিজ |
| ৬. | ৭ | ৩০৭০০০৯৮ | জনাব মোঃ নাজিবুল ইসলাম<br>পিতা-মোঃ লোকমান হাকিম |

০২। যোগদানের সময় তাহাকে নিম্নবর্ণিত দলিলাদি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে:

(ক) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তার নিকট হইতে স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপযুক্ত মর্মে সনদপত্র;

(খ) চাকরির আবেদনপত্রে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সনদপত্র (মার্কশীটসহ) এবং অন্যান্য সনদপত্রের কপি (নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

(গ) স্থায়ী ঠিকানার স্ব-পক্ষে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) ফরম-'গ' এ একজন নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তার নিকট হইতে চারিত্রিক সনদপত্র; এবং

(ঙ) ফরম-'ক', 'খ', 'গ', 'ঘ', 'ঙ', 'চ' ও 'ছ' যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করিতে হইবে। এছাড়া, সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৩। তিনি দুই বৎসরের জন্য শিক্ষানবিশ থাকিবেন। তবে শর্ত থাকে যে, যুক্তিসংগত কারণ থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ শিক্ষানবিশকাল অনূর্ধ্ব দুই বৎসরের জন্য বর্ধিত করিতে পারিবেন। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই তাহাকে চাকরি হতে অপসারণ করা যাবে এবং এইরূপে চাকরি অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।

০৪। (ক) তাহাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ একাডেমিতে প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাহাকে তাহার চাকরি সংশ্লিষ্ট বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ যেইরূপ স্থির করিবে সেইরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; এবং

(গ) প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপন, বিভাগীয়/পেশাগত প্রশিক্ষণ/পরীক্ষায় উত্তীর্ণ (যদি থাকে) এবং শিক্ষানবিসকাল সন্তোষজনভাবে অতিক্রান্ত হইলে তাহাকে চাকরিতে স্থায়ী করা হইবে।

০৫। সংশ্লিষ্ট পদের প্রার্থীদের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে। তাছাড়া, জ্যেষ্ঠতা, ছুটি, ভ্রমণ ভাতা, চিকিৎসা ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধা, বাসস্থান ও অন্যান্য সুযোগ-সুবিধা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এবং কর্তৃপক্ষের জন্য প্রযোজ্য অন্যান্য বিধি-বিধান (যদি থাকে) অনুযায়ী প্রাপ্য হইবেন।

০৬। তাহার কর্মস্থল বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন ঢাকায় অথবা ঢাকার বাহিরের যেকোনো দপ্তরে হইবে।

০৭। (ক) তাহাকে যোগদানের সময় ১০০×৩=৩০০(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাহাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাহার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকিবেন; এবং

(খ) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একজন জামিনদারের স্বাক্ষর ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

০৮। চাকরিতে যোগদানকালে তাহাকে যোগদানপত্রের সাথে ১০০×৩=৩০০(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।

০৯। (ক) তিনি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক তিন মাস পূর্বে নোটিশ প্রদান না করিয়া তাহার চাকরি ত্যাগ করিতে বা চাকরি হইতে বিরত থাকিতে পারিবেন না এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি বেবিচ কর্তৃপক্ষকে তাহার তিন মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করিতে বাধ্য থাকিবেন;

(খ) কোনো শিক্ষানবিশ তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া চাকুরি ত্যাগ করিতে পারিবেন না। এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি বেবিচ কর্তৃপক্ষকে তাহার এক মাসের মূলবেতনের সমপরিমান টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করিতে বাধ্য থাকিবেন;

(গ) তাহার বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ শুরু হইলে তিনি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চাকরি হইতে ইস্তফা দান করিতে পারিবেন না;

(ঘ) চাকরি স্থায়ী না হওয়া পর্যন্ত তাহাকে বিদেশ ভ্রমণের অনুমতি দেওয়া হইবে না; এবং

(ঙ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য অঙ্গীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪০(১) প্রবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত **ঘোষণাপত্র** চাকরিতে যোগদানের সময় জমা দিতে হইবে।

১১। তাহার চাকরি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এবং উক্ত প্রবিধানমালায় যে সকল বিষয়াদি সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই বা উল্লেখ নাই, সে সকল বিষয়ে সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধিমালা, আদেশ বা নির্দেশ, প্রয়োজনীয় অভিযোজন তাহার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

১২। কর্তৃপক্ষ বা কর্তৃপক্ষের কর্মে নিযুক্ত কোন ব্যক্তির ক্ষেত্রে শিল্প সম্পর্ক অধ্যাদেশ, ১৯৬৯ (১৯৬৯ সনের ২৩ নং অধ্যাদেশ) (এক্ষণে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬) প্রযোজ্য হইবে না।

১৩। তাহার দাখিলকৃত যে কোন সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হইলে তাৎক্ষণিকভাবে তাহার নিয়োগ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৪। উপর্যুক্ত শর্তাবলি তাহার কাছে গ্রহণযোগ্য হইলে **নিয়োগপত্রে উল্লিখিত ফরমসমূহ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.caab.gov.bd) হতে ডাউনলোড করে** যথাযথভাবে পূরণপূর্বক তাহাকে **সদস্য (প্রশাসন)**, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ বরাবর **আগামী ০৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/২০ মার্চ ২০২৩** খ্রিস্টাব্দ যোগদান পত্র দাখিল করিতে হইবে।

১৫। চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

১৬। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করিলে তিনি চাকরিতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২৬/০২/২০২৩

(মোহাম্মদ নূরুল ইসলাম)
পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন - ৪১০৯১০৫২

বিতরণ :

১। পরিচালক (সিএনএস), সিএবি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২। সংশ্লিষ্ট প্রার্থী ........................................................